জরুরি

সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
অপারেশান্স পরিদপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮১৮১৬১৮, ফ্যাক্সঃ ৮১৮১২৭৬
ই-মেইলঃ ops_cghq@coastguard.gov.bd

০৩ অগ্রহায়ণ ১৪২৭
৪৪.০৮.২৬৮০.০২০.৪৯.০০২.২০. ৯২৮ — ১৮ নভেম্বর ২০২০

**করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ প্রেরণ প্রসঙ্গে**

সূত্রঃ

ক। স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং ৪৪.০০.০০০০.০২১.১৬.০০৪.২০.৩১৭ তারিখ ১২ নভেম্বর ২০২০।

১। **গৃহীত পদক্ষেপ/ কার্যক্রম এবং বাস্তবায়নঃ** করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় বাংলাদেশ কোস্ট গার্ডের বিদ্যমান জাহাজ/বোট/স্টেশান-আউটপোস্ট সমূহের মাধ্যমে দৈনন্দিন অপারেশান কার্যক্রমের পাশাপাশি বিভিন্ন এলাকায় টহল/সাহায্য প্রদান করা হয়। করোনা সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত নির্দেশনা মোতাবেক এবং 'ইন এইড টু সিভিল পাওয়ার' এর আওতায় মাঠে নিয়োজিত সশস্ত্র বাহিনীর সাথে সমন্বয় পূর্বক সহায়তা প্রদানের নিমিত্তে কোস্ট গার্ড ২৩টি জাহাজ, শতাধিক বোট, ৫৪ টি স্টেশান-আউটপোস্ট ও ০৭টি অস্থায়ী ক্যাম্প (জাটকা নিধন অভিযান উপলক্ষে স্থাপিত) হতে টহল পরিচালনা করা হয়। এছাড়াও করোনা সংক্রমণ প্রতিরোধে কোস্ট গার্ড কর্তৃক আওতাধীন এলাকাসমূহে বিভিন্ন পদক্ষেপ গ্রহন করা হয় তন্মধ্যে লকডাউন নিশ্চিতকরণ, সার্বিক সচেতনতা বৃদ্ধিকরণ, কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ, সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিতকরণ ও মাস্ক পরিধান নিশ্চিতকরণ ইত্যাদি। এসকল কার্যক্রমসমূহ তদারকির নিমিত্তে কোস্ট গার্ড সদর দপ্তরসহ সকল জোনে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নকরতঃ 'মনিটরিং ও সমন্বয়' সেল সার্বক্ষণিক খোলা রাখা হয়। বাংলাদেশ কোস্ট গার্ডের জাহাজ, স্টেশান-আউটপোস্টের পাশাপাশি বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে গত ১২ এপ্রিল ২০২০ হতে ৩১ মে ২০২০ পর্যন্ত চোক পয়েন্ট স্থাপনকরতঃ দেশের বিভিন্ন স্থানে নৌ পথে জনসাধারণের চলাচল বন্ধ করার জন্য কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়াও, নৌ পথে জনসাধারণের চলাচল বন্ধের জন্য ০৩ টি কোস্ট গার্ড জাহাজ (বিসিজিএস স্বাধীন বাংলা, বিসিজিএস তানভীর এবং বিসিজিএস রাঙ্গামাটি) জাহাজ যথাক্রমে চাঁদপুর, গজারিয়া এবং মোহনপুর চোক পয়েন্টে মোতায়েন করা হয়। পাশাপাশি কোস্ট গার্ডের বোট ও ভাড়াকৃত বোট দিয়েও টহল পরিচালনা করা হয়। নৌ পথে জনসাধারণের চলাচল বন্ধে কোস্ট গার্ডের চোক পয়েন্টসমূহের তালিকা নিম্নরূপঃ

| অঞ্চল | রুট | চোক পয়েন্ট |
|---|---|---|
| ঢাকা অঞ্চল | চাঁদপুর- মুন্সিগঞ্জ | চাঁদপুর, মোহনপুর, গজারিয়া ও ষাটনল এবং বক্তাবলী ফেরী ঘাট |
| | চাঁদপুর- মাওয়া | চাঁদপুর ও মাওয়া |
| | চাঁদপুর- ভোলা | চাঁদপুর ও হাইমচর |
| চট্টগ্রাম অঞ্চল | চট্টগ্রাম- পতেঙ্গা | কর্ণফুলী নদীর মোহনা |
| | কুতুবদিয়া- মাতারবাড়ি | দরবার ঘাট (কুতুবদিয়া) |
| | কক্সবাজার- মহেশখালী | নুনিয়ার ছড়া (কক্সবাজার) |
| | টেকনাফ- সেইন্টমার্টিন্স | টেকনাফ স্থলবন্দর |
| ভোলা অঞ্চল | লক্ষীপুর- দৌলতখান | মজু চৌধুরীর হাট ও ইলিশা ঘাট |
| মোংলা অঞ্চল | খুলনা- মংলা | মংলা নালা ও বটিয়াঘাটা লঞ্চ ঘাট |
| | বাগেরহাট- মোড়েলগঞ্জ | মোড়েলগঞ্জ ফেরী ঘাট |
| | আকরাম পয়েন্ট- নলিয়ান | শান্তা লঞ্চ ঘাট |
| | গোয়ালখালী- খাসিটানা | আংটিহারা |



e:\20. operation\2020\corona virus\november 2020\ltr to moha for গৃহীত কার্যক্রমসমূহ প্রেরণ.doc

Scanned with CamScanner

২। **উপকার ভোগী ও ত্রাণ সহায়তার সংখ্যাঃ** কোস্ট গার্ড কর্তৃক তার দায়িত্বপূর্ণ উপকূলবর্তী (ঢাকা, মংলা, চ. ভোলা) এলাকায় গরীব, দুঃস্থ ও জেলে প্রায় ৫,০০০ পরিবারের মাঝে স্যানিটাইজার এবং মাস্ক বিতরণ করা হয় এবং প্রায় ( পরিবারের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করা হয়।

৩। **স্বাস্থ্য পরীক্ষায় সহায়তাঃ** বাংলাদেশ কোস্ট গার্ডের ভোলা অঞ্চলের আংটিহারা এলাকায় ভারত হতে আগত নৌযান ও যাত্রীসমূহকে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি এবং স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে তাদের স্বাস্থ্য পরীক্ষাকরতঃ দেশের বিভিন্ন গন্তব্যে প্রবেশের ছাড়পত্র প্রদানে সহায়তা করা হয়।

৪। **কোভিড-১৯ মোকাবেলায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ ও ব্যয়িত অর্থঃ** করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় বাংলাদেশ কোস্ট গার্ডের এপিপি অনুযায়ী টাকা ৩,১০,০০,০০০/০০ (তিন কোটি দশ লক্ষ মাত্র) বরাদ্দ রয়েছে। তন্মধ্যে অদ্যবধি টাকা ১,৭৩,৪৪,২৮০/০০ (এক কোটি তিহাত্তর লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত আশি মাত্র) ব্যয় হয়েছে এবং টাকা ১,৩৬,৫৫,৭২০/০০ (এক কোটি ছত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার সাতশত বিশ মাত্র) অবশিষ্ট রয়েছে।

৫। **কার্যক্রমসমূহ বাস্তবায়নের চ্যালেঞ্জ ও এর সমাধানঃ** করোনা ভাইরাস (কোভিড-১৯) একটি অদৃশ্য ভাইরাস হওয়ায় এ ভাইরাস প্রতিরোধ কার্যক্রম অনেকটাই কঠিন ও চ্যালেঞ্জিং। এ চ্যালেঞ্জ মোকাবেলাই করোনার প্রথম ওয়েভ এর তুলনাই পরবর্তী ওয়েভ আগমনের পূর্বেই আরও অধিক সচেতনতা বৃদ্ধিকরণ, কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ, সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিতকরণ ও মাস্ক পরিধান নিশ্চিতকরণসহ অন্যান্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা।

৬। **ভবিষ্যৎ পরিকল্পনাঃ** বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার ও স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত সকল কার্যক্রম বাস্তবায়নে সর্বদা সচেষ্ট থাকবে।

৭। সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

খাজা মাসুম
কমান্ডার বিএন
পক্ষে পরিচালক

বিতরণঃ
বহিস্থঃ
কার্যঃ

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**(দৃষ্টি আকর্ষণঃ আশাফুর রহমান, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা)**





Scanned with CamScanner

কোস্ট গার্ড সদর দপ্তর
লজিস্টিকস্ পরিদপ্তর (স্টোরস্ শাখা)

এলএম

৪৪.০৮.২৬৮০.০৬০.৪২.০০১.২০.৬০৯

<u>করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ প্রেরণ প্রসঙ্গে</u>

সূত্রঃ

ক। অপারেশান্স পরিদপ্তর এলএম নং ০৪.০৮.২৬৮০.০২০.৪৯.০০১.২০.৩১৩ তারিখ ১৫ নভেম্বর ২০২০।

করোনা ভাইরাস (কোভিড-১৯) লজিষ্টিক পরিদপ্তর ষ্টোর শাখায় এপিপি অনুযায়ী সর্বমোট টাকা ৩,১০,০০,০০০/০০ (টাকা তিন কোটি দশ লক্ষ মাত্র) বরাদ্দ রয়েছে। তম্মধ্যে অদ্যবদি টাকা ১,৭৩,৪৪,২৮০/০০ (টাকা এক কোটি তিহাত্তর লক্ষ চুয়াল্লিশ হাজার দুইশত আশি মাত্র) ব্যয় হয়েছে এবং টাকা ১,৩৬,৫৫,৭২০ (এক কোটি ছত্রিশ লক্ষ পঞ্চান্ন হাজার সাতশত বিশ মাত্র) অবশিষ্ট রয়েছে।

এম সারোয়ার হাবীব
লেঃ কমান্ডার বিএন
সহকারী পরিচালক (স্টোরস্-১)

২৭ নভেম্বর ২০২০

প্রতি:

অপারেশান্স পরিদপ্তর



H:\2020-2021\CSF Various File Approved by DG.docx

Scanned with CamScanner

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
রিপোর্ট ও রেকর্ড অধিশাখা।
www.cabinet.gov.bd

মুজিব
শতবর্ষ

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৩২১.১৬.০০৫.২০.৩০৩

তারিখ: ২৫ কার্তিক ১৪২৭
১০ নভেম্বর ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ প্রেরণ।
সূত্র: মন্ত্রিসভা বৈঠক অধিশাখার ইউ ও নোট নং-০৪.০০.০০০০.০০১.২৭.০১৭.২০.১০৪ তারিখ: ৩ নভেম্বর ২০১৯

গত ০২ নভেম্বর ২০২০ তারিখে মন্ত্রিসভা-বৈঠকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

২। '(৫) মন্ত্রিপরিষদ বিভাগ করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ সংকলিত করিয়া প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে'।

৩। উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় তার মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক গৃহীত পদক্ষেপ/কার্যক্রম, এর বাস্তবায়ন, উপকারভোগীর সংখ্যা, কোভিড-১৯ মোকাবেলায় বরাদ্দকৃত অর্থের পরিমাণ, ব্যয়িত অর্থ, কার্যক্রমসমূহ বাস্তবায়নের চ্যালেঞ্জ ও এর সমাধান, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং প্রযোজ্যক্ষেত্রে ক্যাপশনসহ সর্বোচ্চ ০২টি ছবি সফটকপিসহ আগামী ১৯ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের রিপোর্ট অধিশাখায় (ই-মেইল: (report_sec@cabinet.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রেরিত সকল তথ্য NIKOSH ফন্টে প্রেরণ করতে হবে।

১০-১১-২০২০
ইয়াসমিন বেগম
যুগ্মসচিব
ফোন: ৯৫১২৬০৩
ইমেইল: report_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২১.১৬.০০৪.২০-৩১৭

তারিখ: ২৭ কার্তিক ১৪২৭
১২ নভেম্বর ২০২০

বর্ণিত পত্রের মর্মানুযায়ী চাহিত তথ্যাদি ১৫.১১.২০২০ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি (বিশেষ বাহক মারফত) এবং সফটকপি (Nikosh font ১৩ সাইজে) ই-মেইল (admin3@mhapsd.gov.bd)- যোগে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(আশাফুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫৩০
admin3@mhapsd.gov.bd

বিতরণ :
বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৩। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব.......................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ধানমন্ডি, ঢাকা।
৭। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য
১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

Scanned with CamScanner

সীমিত

সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
অপারেশান্স পরিদপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭

ফোনঃ ৮১৮১৬১৮ ফ্যাক্সঃ ৮১৮১২৭৬
ই-মেইলঃ ops_cghq@coastguard.gov.bd

১৩ কার্তিক ১৪২৭
২৭ অক্টোবর ২০২০

৪৪.০৮.২৬৮০.০২০.৪৯.০০২.২০.২৬৮

**কোভিড-১৯ সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার প্রসঙ্গে**

সূত্রঃ

ক। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পত্র নং ৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০-৩৩৮ তারিখ ২২ অক্টোবর ২০২০ (কপি সংযুক্ত)।

শিরোনামোক্ত বিষয়ে সূত্র পত্রে উল্লেখিত শর্তাবলী যথাযথভাবে পালন ও এতদ্‌বিষয়ে যথাবিহীত কার্য্যব্যবস্থা গ্রহণের নিমিত্তে সূত্র পত্রের ছায়ালিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

জুলহাস ফয়সাল
কমান্ডার বিএন
পক্ষে পরিচালক

০ । ৫

সংলগ্নীঃ

১। সূত্র পত্রের ছায়ালিপি - ০১ (এক) পাতা।

বিতরণঃ
বহিস্থঃ
কার্যঃ

কমান্ড্যান্ট, বিসিজি বেইস অগ্রযাত্রা
জোনাল কমান্ডার পূর্ব জোন
জোনাল কমান্ডার পশ্চিম জোন
জোনাল কমান্ডার দক্ষিণ জোন
জোনাল কমান্ডার ঢাকা জোন

- ফ্যাক্স/ইমেইলের মাধ্যমে।

অন্তস্থঃ
কার্যঃ

সকল পরিচালকগণ............

অবগতিঃ

মহাপরিচালকের সচিবালয় - সদয় অবগতির জন্য।
উপ মহাপরিচালকের কার্যালয় - সদয় অবগতির জন্য।

সদর দপ্তর

সীমিত

e:\photocopy fwd off\49 bibldh-.doc

Scanned with CamScanner

সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর
ডায়েরী নং ৭৯৯
তাং ২৫/১০/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জনস্বাস্থ্য অনুবিভাগ
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০-৩৩৮

তারিখঃ ২২ অক্টোবর-২০২০ খ্রিস্টাব্দ
০৬ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ কোভিড-১৯ সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ে তাঁর সদয় অবগতার্থে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second wave মোকাবেলায় প্রস্তুতি হিসেবে তাঁর অধীনস্থ সকল দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সংশ্লিষ্ট অফিসে বিশেষ করে জেলা পুলিশ সুপারের কার্যালয় ও থানায় আগত সেবা গ্রহিতাগণের বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান নিশ্চিত করা প্রয়োজন। কেবলমাত্র হাসপাতালে চিকিৎসার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ সার্জিক্যাল মাস্ক ব্যবহার করবেন, অন্য সকল ক্ষেত্রে পুনঃব্যবহারযোগ্য কাপড়ের মাস্ক পরিধান নিশ্চিত করা প্রয়োজন।

০২। জনসাধারণের কোভিড-১৯ এর বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে 'মাস্ক পরিধান ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask No Entry' অথবা 'মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service' লিখিত ব্যানার লাগানো জরুরী বলে প্রতীয়মান হয়।

০৩। এমতাবস্থায়, তাঁর অধীনস্থ সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে মাস্ক পরিধান নিশ্চিত করার বিষয়ে উল্লিখিত নির্দেশনার আলোকে সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হল।

২২/১০/২০২০

(মোঃ মোস্তফা কামাল)
অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য)
স্বাস্থ্য সেবা বিভাগ

৪০(৩)
pl circulate

সিনিয়র সচিব
জনিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫/১০/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-১ শাখা
www.mhapsd.gov.bd

তারিখঃ ১১ কার্তিক ১৪২৭
২৭ অক্টোবর ২০২০

নং-৪৪.০০.০০০০.০১৯.০০৭.০০২.১৬-৫৫৩,

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
২। মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা
৩। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা
৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা
৫। পরিচালক, এনটিএমসি, প্রধানমন্ত্রীর ত্রান ভান্ডার, তেজগাঁও, ঢাকা
৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা
৭। অতিরিক্ত সচিব........................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৮। যুগ্মসচিব........................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৯। উপসচিব/........................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব........................................(সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪। সহকারী প্রোগ্রামার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

Scanned with CamScanner